

নামঃ _____ গ্রেডঃ পঞ্চম

রোলঃ _____ বিষয়ঃ Bangla

literature

শিক্ষকঃ নাজিয়া সোনম _____

তারিখঃ _____



সুন্দরবনের প্রাণী

১. শব্দার্থ -

শব্দ - অর্থ

অপার - অগাধ, অসীম।

সম্ভার - বিভিন্ন উপাদান, বিভিন্ন জিনিস।

রয়্যাল - রাজকীয়।

ভয়ঙ্কর - ভীষণ, ভীতিজনক।

অমূল্য - যার মূল্য নির্ধারণ করা যায় না।

বিলুপ্ত - যা লোপ পেয়েছে।

২. শূন্যস্থান পূরণ -

- ক. বাংলাদেশ সৌন্দর্যে ভরপুর।
খ. প্রকৃতির অপার সমুদ্রের নিচে রয়েছে।
গ. বাংলাদেশের নামের সঙ্গে জড়িয়ে আছে বেঙ্গল টাইগার।
ঘ. বাঘ দেখতে যেমন সুন্দর তেমনি আবার।
ঙ. রয়্যাল বেঙ্গল টাইগার বাংলাদেশের সম্পদ।
চ. শকুন বাংলাদেশে এখন প্রায় পাখি।

উত্তর : ক. অপার; খ. সম্ভার; গ. রয়্যাল; ঘ. ভয়ঙ্কর; ঙ. অমূল্য; চ. বিলুপ্ত।

৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও -

ক) ক্যাঙ্গারু ও সিংহ বললেই কোন কোন দেশের কথা মনে হয়?

উত্তর : ক্যাঙ্গারু বললেই মনে হয় অস্ট্রেলিয়ার কথা। আর সিংহ বললেই মনে হয় আফ্রিকা মহাদেশের কোনো একটি দেশের কথা।

খ) বিভিন্ন ধরনের বাঘ সম্পর্কে তুমি যা জান লেখ।

উত্তর : বিভিন্ন ধরনের বাঘ সম্পর্কে আমি যা যা জানি তা নিচে উল্লেখ করা হলো।

১। রয়্যাল বেঙ্গল টাইগার : এই বাঘের চেহারা ও স্বভাব রাজার মতো। তাই এর নাম রয়্যাল বেঙ্গল টাইগার। সুন্দরবনে এদের বাস। শিকার করে জীবজন্তু, সুযোগ পেলে মানুষও।

২। চিতাবাঘ : অন্য বাঘের সাথে এর পার্থক্য হলো এটি গাছে উঠতে পারে। অন্যান্য বাঘের চেয়ে দ্রুত দৌড়াতে পারে।

৩। ওলবাঘ : একসময় সুন্দরবনে এ বাঘ দেখা যেত। এখন বিলুপ্ত হয়ে গিয়েছে।

৪। মেছোবাঘ : দেখতে অনেকটা চিতাবাঘের মতো। এরা মাছ শিকার করে খায়। তবে নাম মেছো বাঘ হলেও মাছ এদের মূল খাদ্য নয়। এরাও এখন বিলুপ্তপ্রায় প্রাণী।

গ) দেশের জন্য পশুপাখি, জীবজন্তু কী উপকার করে তা নিজের ভাষায় লেখ।

উত্তর : পশুপাখি ও জীবজন্তু দেশের অমূল্য সম্পদ। এরা নানাভাবে দেশের উপকার করে। যেমন-

- পরিবেশের ভারসাম্য বজায় রাখতে এদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- এদের থেকে ডিম, দুধ, মাংস ইত্যাদি পাওয়া যায়। এগুলো আমাদের পুষ্টির চাহিদা পূরণ করে। অর্থনীতির সমৃদ্ধিতে অবদান রাখে।

ঘ) শকুন কীভাবে মানুষের উপকার করে?

উত্তর : মানুষের পক্ষে যা অনুপযোগী ও ক্ষতিকর সেগুলোকে শকুন নিজের খাবার হিসেবে গ্রহণ করে। এর ফলে আমরা অস্বাস্থ্যকর পরিবেশ দ্বারা আক্রান্ত হওয়া থেকে রক্ষা পাই। এভাবে শকুন মানুষের উপকার করে।

ঙ) পশুপাখি জীবজন্তু না থাকলে প্রকৃতির কী বিপর্যয় ঘটবে বলে তোমার মনে হয়?

উত্তর : পশুপাখি জীবজন্তু পরিবেশের প্রাণ। এরা না থাকলে প্রকৃতিতে নানা বিপর্যয় ঘটবে। বন্যা, খরা, ঝড় ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ দেখা দেবে। এতে মানুষের জীবনও মারাত্মক হুমকিতে পড়বে।

৪।বহু নির্বাচনী প্রশ্নের উত্তর -

ক. ক্যাঙ্গারু বললেই মনে পড়ে যে দেশের কথা

১. ভারত ২. বাংলাদেশ

৩. অস্ট্রেলিয়া ৪. আফ্রিকা

খ. আফ্রিকার কথা উঠলে কোন প্রাণীর কথা মনে হয়?

১. সিংহ ২. হাতি

৩. বাঘ ৪. উট

গ. বাংলাদেশের কোন জঙ্গলে হাতি দেখতে পাওয়া যায়?

১. সিলেট ও খুলনার ২. ভাওয়াল ও মধুপুরের

৩. রাঙামাটি ও বান্দরবানের ৪. উপরের সবখানে

ঘ. কোন পাখি ক্ষতিকর আবর্জনা খেয়ে পরিবেশ পরিচ্ছন্ন রাখে?

১. ঈগল ২. শকুন

৩. চিল ৪. কাক

ঙ. কোনটার বড় বড় শিং, কোনটার গায়ে ফোটা ফোটা সাদা দাগ, প্রাণীটির নাম কী?

১. চিতা বাঘ ২. চিত্রা হরিণ

৩. ভালুক ৪. গণ্ডার

৫। এক কথায় উত্তর দাও-

১) সুন্দরবন किसের কোল ঘেঁষে গড়ে উঠেছে?

উত্তর : সুন্দরবন সমুদ্রের কোল ঘেঁষে গড়ে উঠেছে।

২) সুন্দরবনে রয়েছে এমন চারটি প্রাণী ও চারটি উদ্ভিদের নাম লেখ।

উত্তর : সুন্দরবনে রয়েছে এমন চারটি প্রাণী ও চারটি উদ্ভিদের নাম নিচে উল্লেখ করা হলো :

প্রাণী : বাঘ, হরিণ, কুমির, বানর।

উদ্ভিদ : কেওড়া, সুন্দরী, গেওয়া, গোলপাতা।

৩) সুন্দরবনে রয়্যাল বেঙ্গল টাইগার কোথায় ঘুরে বেড়ায়?

উত্তর : সুন্দরবনে রয়্যাল বেঙ্গল টাইগার ভেজা স্যাঁতসেঁতে গোলপাতার বনে ঘুরে বেড়ায়।

৪) সুন্দরবনের কোন কোন প্রাণী বিলুপ্ত হয়ে গেছে?

উত্তর : সুন্দরবনে একসময় ওলবাঘ, চিতাবাঘ,, গণ্ডার, হাতি, বুনো শুয়োর ইত্যাদি প্রাণী ছিল। কিন্তু এখন এগুলো আর দেখা যায় না।

৫) শকুন কোথায় বাসা করে?

উত্তর : শকুন গাছের ডালে বাসা করে।

